দৈনিক বাংলা



তারিখ ... ২।৫।৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# নয়া পাঠ্যসূচী বা শিক্ষক প্রশিক্ষণের মূল্যায়ন হয়নি ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান রোববার ঢাকায় জাতীয় শিক্ষা প্রশাসন ও সম্প্রসারণ গবেষণা ইনস্টিটিউটে 'ডেভেলপমেন্ট অফ টীচার-মেড অবজেকটিভ টেস্টস'-এর ওপর দশ দিনব্যাপী এক কর্মশালা উদ্বোধন করেন। খবর বাসসর।

বাংলাদেশ সরকার ও ইউনেস্কো যৌথভাবে এই কর্মশলার আয়োজন করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন অফিস, প্রাথমিক

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম, পৃঃ পর)

বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ২৬ জন প্রতিনিধি এতে অংশ নিচেছন।

অনুষ্ঠানে বক্তৃতাকালে মন্ত্রী দুঃখ প্রকাশ করেন যে ১৯৭৮ সাল থেকে নতুন পাঠক্রম প্রবর্তন করা হলেও তার ভিত্তিতে কিভাবে ছাত্রছাত্রীদের শিক্ষা দেয়া হবে সে সম্পর্কে শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হয়নি।

তিনি বলেন, নয়া পাঠ্যসূচী ও শিক্ষকদের প্রশিক্ষণের কোন মূল্যায়ন হয়নি—শিক্ষার মানোন্নয়নে যা অপরিহার্য।

ইনস্টিটিউটের মহাপরিচালক ডঃ নূরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অধিবেশনে প্রাথমিক শিক্ষার ভারপ্রাপ্ত মহাপরিচালক ডঃ ওবায়দুল্লাহ, এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক জনাব নূরুল হকও বক্তৃতা করেন।